ধরণী,   দূরে চেয়ে   কেন আজ   আছিস জেগে
যেন কার   উত্তরীয়ের   পরশের   হরষ লেগে ॥
আজি কার   মিলনগীতি   ধ্বনিছে   কাননবীথি,
মুখে চায়   কোন্ অতিথি   আকাশের নবীন মেঘে ॥
ঘিরেছিস   মাথার বসন   কদমের   কুসুমডোরে,
সেজেছিস   নয়নপাতে   নীলিমার   কাজল প'রে ।
তোমার ওই   বক্ষতলে   নবশ্যাম   দুর্বাদলে
আলোকের   ঝলক ঝলে   পরানের   পুলকবেগে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Desh

Visit www.geetabitan.com for notation and other detail